

৪র্থ সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

তারিখ : ১৮-০৪-২০২৫

স্থান : স্কুল অডিটোরিয়াম প্রাঙ্গণ

মেয়াদ : (২০২৪-২০২৭)

সভা নং : সাধারণ সভা /০০৪

সভাপতিত্বে:

- সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের মাননীয় সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ ।

মঞ্চে উপস্থিতি বৃন্দ:

১. সভাপতি: কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
২. মহাসচিব: আসলাম পারভেজ মিঠু
৩. কোষাধ্যক্ষ সচিব: মুফতি মোঃ ইসহাক

সভার সূচনা:

- পবিত্র কোরআন তেলাওয়াত এবং সকল সদস্য, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য দোয়া পরিচালনা করেন জনাব মুফতি মোঃ ইসহাক, কোষাধ্যক্ষ ।

আলোচ্যসূচি

প্রথমেই ৩য় সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান, সোহেল সিকদার জুমান, দপ্তর ও পাঠাগার সচিব ।

কোষাধ্যক্ষের প্রতিবেদন :

অ্যালামনাই এসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাই স্কুল ১৫০বছর পূর্তি অনুষ্ঠানের প্রাপ্তি-প্রদান হিসাব, মোকলেসুর রহমান এন্ড কোঃ কোম্পানীর চার্টার্ড একাউন্টেন্টস্ কর্তৃক অডিটকৃত রিপোর্টটি উপস্থাপন করেন জনাব মুফতি মোঃ ইসহাক, কোষাধ্যক্ষ ।

১. প্রাপ্তি ও প্রদান হিসাব,
২. আর্থিক বিবরণীর নোট সমূহ,
৩. দেনাদার বিবরণী
৪. প্রদেয় বিবরণী
৫. তহবিল বিবরণ

অডিটকৃত ১৫০ বছর পূর্তি অনুষ্ঠানের সকল প্রাপ্তি-প্রদান হিসাব সঠিক ও নির্ভুল উপস্থাপন করেন । সকল সাধারণ সদস্যদের প্রশ্নের উত্তর সঠিক ও তথ্য ভিত্তিক ভাবে প্রদান করেন । উপস্থিত সম্মানিত সকল সদস্যকে সাধারণ সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন ।

৪র্থ সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

মহাসচিবের বক্তব্য – আসলাম পারভেজ মিঠু

- সাধারণ সভায় অডিটকৃত প্রাপ্তি-প্রদান হিসাব সবার সামনে তুলে ধরা হয়েছে এবং উপস্থিত সকলের প্রশ্নের উত্তর যথাসাধ্য স্বচ্ছতার সাথে দেওয়া হয়েছে।
- এই প্রতিষ্ঠানের আর্থিক কার্যক্রম যেন ভবিষ্যতেও সৎ ও দায়িত্বশীল ভাবে পরিচালিত হয়, সেই অঙ্গীকারও তিনি ব্যক্ত করেছেন।
- তিনি আরো দোয়া করেছেন, যেন সবাই একসাথে কাজ করে এই প্রতিষ্ঠানকে ভবিষ্যতে আরও সুন্দর, কার্যকর ও কল্যাণকর স্থানে পৌঁছে দিতে পারি।
- কোষাধ্যক্ষ সাহেবকে ১৫০ বছর পূর্তি অনুষ্ঠানের সকল প্রাপ্তি-প্রদান হিসাব সঠিক ও নির্ভুল উপস্থাপন করার জন্য ধন্যবাদ জানান। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

সভাপতির বক্তব্য – কাজী মোহাম্মদ রহমতউল্লাহ

- সাধারণ সভায় উপস্থিত হওয়ার জন্য সকল সদস্য, কর্মকর্তাবৃন্দ এবং অতিথিদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।
- কোষাধ্যক্ষ সাহেবের উপস্থাপিত ১৫০ বছর পূর্তি অনুষ্ঠানের সকল প্রাপ্তি-প্রদান হিসাবটি মোকলেসুর রহমান এন্ড কোঃ কোম্পানীর চার্টার্ড একাউন্টেন্টস্ কর্তৃক অডিট রিপোর্টটি উপস্থিত সকল সদস্যের বিষদ আলোচনার পর সর্বসম্মতিক্রমে পাস করা হয়।
- অ্যালামনাই এসোসিয়েশনের আর্থিক কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সঠিক হিসাব রক্ষার গুরুত্ব সকলের প্রতি তুলে ধরেন।
- আগামী প্রজন্মের জন্য একটি সুসংগঠিত ও শক্তিশালী অ্যালামনাই এসোসিয়েশন গড়ে তোলার জন্য সকলের প্রতি অঙ্গীকার ব্যক্ত করেন।
- অ্যালামনাই এসোসিয়েশনের সকল সদস্যদের ঐক্যবদ্ধ ও সক্রিয় থেকে আর্থিক, সামাজিক ও সাংগঠনিক কার্যক্রমকে আরও গতিশীল ও সফল ভাবে এগিয়ে নেওয়ার আহ্বান জানান।
- সর্বশেষ সকল সদস্যকে সভায় উপস্থিত থেকে মূল্যবান মতামত দিয়ে অডিট রিপোর্টসহ সকল সিদ্ধান্ত সাধারণ সভাকর্তৃক পাস করতে সহযোগিতা করার জন্য ধন্যবাদ দিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

K.M. Rahmatullah

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

Aslam Parvej Mithu

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল